শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

NATORE PALLI BIDYUT SAMITY-2
ISO 9001:2015 Certified

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
বনপাড়া, নাটোর।

টেলি: ০৭৭২৩-৫৬০৯৩ ,০৭৭২৩-৫৬০১১
ফ্যাক্স: ০৭৭২৩-৫৬২০৪
ই-মেইল :natorepbs2hq@yahoo.com
web address: www. pbs2.natore.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৯১৫.৫১৩.০১.০০৮.২০২৩. ৩১৫৫

তারিখঃ ১২ শ্রাবণ' ১৪৩০ বঙ্গাব্দ
২৭ জুলাই' ২০২৩ খ্রিস্টাব্দ

# " নিলাম দরপত্র বিজ্ঞপ্তি (OTM) "

**০১।** নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বনপাড়া, নাটোর এর পরিচালন ও রক্ষবেক্ষণ ষ্টোরের ব্যবহার অনুপযোগী মালামাল "যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় " নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজ/ নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছেঃ

| দর পত্র নং | বিক্রয়তব্য মালামালের বিবরণ | একক পরিমান | পরিমান | দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী | সিডিউলের মূল্য | দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | গ্রহণ | খোলা |
| ০০১/২০২৩-২০২৪ | ক) লৌহ ও স্টীল জাতীয় মালামাল | কেজি | ৬,৬৪২ | ০১/০৮/২০২৩খ্রি. তারিখ মঙ্গলবার হতে ১৬/০৮/২০২৩খ্রি.. তারিখ বুধবার (অফিস চলাকালীন সময়) পর্যন্ত | ১,৫০০/- ( এক হাজার পাঁচশত টাকা) | ১৭/০৮/২০২৩খ্রি. তারিখ বৃহস্পতিবার দুপুর ১১.০০ ঘটিকা পর্যন্ত। | ১৭/০৮/২০২৩খ্রি. তারিখ বৃহস্পতিবার দুপুর ১১.০৫ ঘটিকা। |
| | খ) এক ফেজ এনালগ মিটার (জে-১ ও ১৬) | টি | ৩৩,৫২৬ | | | | |
| | গ) এক ফেজ ডিজিটাল মিটার (জে-৩৯) | টি | ১২,৮৩২ | | | | |
| | ঘ) তিন ফেজ ডিজিটাল মিটার (জে-৩,ও ৪) | টি | ৩২৮ | | | স্থান: নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২,বনপাড়া, নাটোর ও পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃঅঃ) পরিদপ্তর,বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৮ম তলা), নিকুঞ্জ-২,খিলক্ষেত ,ঢাকা-১২২৯ | |
| | ঙ) প্লাস্টিক ববিন | টি | ২৫০ | | | | |

০২। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে এবং দরপত্র দলিল দেখতে পারবেন।

০৩। আগ্রহী দরদাতাগণ নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে প্রতিটি দরপত্রের জন্য ১৫০০/-( এক হাজার পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (ক) জেনারেল ম্যানেজার ,নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২,বনপাড়া, নাটোর ও (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো ,সদর দপ্তর ভবন (৮ম তলা),নিকুঞ্জ-২, খিলক্ষেত ,ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন নিলাম দরপত্র দলিল প্রেরণ/ গ্রহণ করা হবে না।

০৪। উপরে বর্ণিত সময়সূচী অনুযায়ী অফিস সময়ে ব্যক্তিগতভাবে (ক) জেনারেল ম্যানেজার, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বনপাড়া, নাটোর (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর,বাপবিবো, সদর দপ্তর ভবন (৮ম তলা),নিকুঞ্জ-২, খিলক্ষেত ,ঢাকা-১২২৯ এই ঠিকানায় দাখিল করত হবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল করা হবে।

E:\RFQ NEW-21.08.22\New folder\Final Schdule-Nikosh Condem.docx

০৫। নিলামে উদ্ধৃত দরের ২৫% হারে নিরাপত্তা জামানত হিসেবে ( ফেরতযোগ্য) নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে MICRযুক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সংগে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ছাড়া দরপত্র গ্রহণযোগ্য হবে না। সর্বোচ্চ দরই কৃতকার্য দর হিসেবে বিবেচিত হবে।

০৬। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫(পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্ আকারে পরিশোধ করে মালামালসমুহ গ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানতের অর্থ সমিতির অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

০৭। কৃতকার্য নিলাম দরদাতাকে উদ্ধৃত মোট মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও ট্যাক্স পরিশোধ পূর্বক মালামাল গ্রহণ করতে হবে।

০৮। প্রতিটি আইটেমের বিপরীতে দর দাখিল করতে হবে। কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত সর্বনিম্ন নিলাম দরের নিচে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না। আইটেম ওয়ারী একক সর্বোচ্চ দরদাতার দরকে বিবেচনা না করে প্রাপ্ত সকল আইটেমের একত্রে দাখিলকৃত সর্বোচ্চ দরদাতার দর বিবেচনা করা হবে।

০৯। সীলমোহরকৃত নিলাম দরপত্র খামের উপরে স্পষ্টাক্ষরে " নাটোর পবিস-২ এর পরিচালন ও রক্ষনাবেক্ষণ ষ্টোরে ব্যবহার অনুপযোগী মালামালের নিলাম বিজ্ঞপ্তি " উল্লেখ করতে হবে। দরপত্রে কোন কাঁটা ছেঁড়া/ ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় লিখতে হবে।

১০। দর দাখিলের ক্ষেত্রে একক মূল্যের সাথে মোট মূল্যের গানিতিক পার্থক্য পরিলক্ষিত হলে দাখিলকৃত একক মূল্য বিবেচনায় দর মূল্যায়ন করা হবে।

১১। পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী এবং এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণ দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন না।

১২। বর্ণিত মালামাল সমূহ ১৬/০৮/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে পরিদর্শন করা যাবে।

১৩। আগ্রহী নিলাম দরদাতাগণ নিলাম বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইট ( www.pbs2.natore.gov.bd) এ দেখতে পারবেন।

১৪। কৃতকার্য দরদাতা কর্তৃক মালামালগুলো গ্রহণের সময় মালামালের গুনগত মান সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধাই চুড়ান্ত বলে গণ্য হবে।

২৭.০৭.২০২৩

**(মোঃ মোমীনুল ইসলাম)**

জেনারেল ম্যানেজার।

**অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি আপনাদের দপ্তরের নোটিশ বোর্ডে বহুল প্রচারের অনুরোধ সহ)**

০১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২) সিনিয়র সিস্টিম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা- (বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের সদয় অনুরোধসহ)।
০৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, রাজশাহী জোন, রাজশাহী।
০৪) জেলা প্রশাসক, নাটোর।
০৫) পুলিশ সুপার, নাটোর।
০৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------পবিস-১/২/৩/৪।
০৭) মেয়র, পৌরসভা কার্যালয়, বনপাড়া, নাটোর।
০৮) নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নাটোর।
০৯) উপজেলা নির্বাহী অফিসার, নাটোর।
১০) ডিজিএম, সদর-কারিগরী/চারঘাট/গুরুদাসপুর/লালপুর/বাঘা জোনাল অফিস, নাটোর পবিস-২।
১১) এজিএম (ওএন্ডএম), লক্ষীকোল/দয়ারামপুর সাব-জোনাল অফিস, নাটোর পবিস-২।
১২) এজিএম (অর্থ), নাটোর পবিস-২।
১৩) এজিএম( আইটি),নাপবিস-২- বিজ্ঞপ্তিটি নাটোর পবিস-২ এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪) মেসার্স-------------------------------------।
১৫) নোটিশ বোর্ড, নাটোর পবিস-২।
১৬) অফিস কপি/ মাস্টার কপি।

২৭.০৭.২০২৩

**(মোঃ মোমীনুল ইসলাম)**

জেনারেল ম্যানেজার।

E:\RFQ NEW-21.08.22\New folder\Final Schdule-Nikosh Condem.docx